দৈনিক বাংলা

তারিখ 30 OCT 1989

# খুলনা বিএল কলেজে ছাত্র সংঘর্ষ ঃ গুলি ৩০ জন আহত

(নিজস্ব প্রতিনিধি)

খুলনা, ২৯শে অক্টোবর।— আজ দৌলতপুরস্থ সরকারী ব্রজলাল মহাবিদ্যালয়ে দুই প্রতিদ্বন্দ্বী ছাত্র গ্রুপের সমর্থকদের মধ্যে বোমাবাজি ও গোলাগুলিতে অন্তত ৩০ জন আহত হয়েছে। গুলিবিদ্ধ দুজন ছাত্রকে সংকটাপন্ন অবস্থায় খুলনা হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ এই ব্যাপারে দুজনকে গ্রেফতার করেছে।

এই ঘটনার পর কলেজ কর্তৃপক্ষ আজ ছাত্রদের হোস্টেল ত্যাগের নির্দেশ দিয়েছেন।

আগামী বুধবার অনুষ্ঠিতব্য ছাত্র সংসদের নির্বাচনে ইসলামী ছাত্র শিবির ও ছাত্র ঐক্য পরিষদ প্রতিদ্বন্দ্বিতা করছে।

আজ দুপুরে দুই গ্রুপ ছাত্রের মধ্যে কলেজ প্রাঙ্গণে হাতাহাতি এবং ধাওয়া ও পাল্টা ধাওয়া পরে হকি স্টিক, বোমা ও পাইপগান নিয়ে হামলা চালানো হয়।

(৩-এর পৃঃ দ্রঃ)

## খুলনা বিএল কলেজে

(প্রথম পৃঃ পর)

সংঘর্ষের এক পর্যায়ে পুলিশ লাঠি চার্জ করে পরিস্থিতি আয়ত্তে আনে। ছয়জন পুলিশ আহত হয়েছে বলে জানা গেছে।

ছাত্র শিবিরের যে দুইজন ছাত্রকে গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে তারা হলেন ব্রজলাল কলেজের ফরিদুল ইসলাম ও আজম খান কলেজের শাহবুদ্দিন লসকর। কলেজে এখনো উত্তেজনা বিরাজ করছে এবং পুলিশ প্রহরায় রয়েছে।

পেশাগত দায়িত্ব পালন করতে যেয়ে স্থানীয় দৈনিক জন্মভূমি পত্রিকার সাংবাদিক অশোক কুমার দে পুলিশের হাতে লাঞ্ছিত ও আহত হয়েছেন। খুলনা সাংবাদিক ইউনিয়ন এই ঘটার তীব্র প্রতিবাদ জানিয়েছে।